

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

সুরক্ষা সেবা বিভাগ

অঞ্চি শাখা-১

www.ssd.gov.bd



সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার বিষয়ে অংশীজন/সেবাগ্রহীতাদের অবহিতকরণ সভার
কার্যবিবরণী :

সভাপতি	:	মল্লিক সাঈদ মাহবুব যুগ্মসচিব ও
সভার তারিখ	:	১৪ ডিসেম্বর ২০২০
সময়	:	বেলা ১২.০০ মিনিট
স্থান	:	সভাপতির অফিস কক্ষ।


উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট ‘ক’তে উপস্থাপন করা হলো।

দাপ্তরিক কর্মকাণ্ডে স্বচ্ছতা বৃক্ষি ও জবাবদিহি নিশ্চিতকরণের লক্ষ্যে সিটিজেন চার্টার/সেবা প্রদান প্রতিশুতি সম্পর্কে
অবহিতকরণের জন্য অংশীজন/সেবাগ্রহীতাদের সমন্বয়ে আয়োজিত সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার
কার্যক্রম আরম্ভ করে। সভাপতি বলে, নাগরিক সেবা, নাগরিক সুরক্ষা ও নাগরিক মর্যাদা বৃক্ষির লক্ষ্যে সুরক্ষা সেবা বিভাগ
এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা ও মাঠ পর্যায়ের অফিসসমূহ নাগরিক, আভ্যন্তরীণ এবং দাপ্তরিক সেবা প্রদানের জন্য কাজ
করে যাচ্ছে। সভাপতি জানান, মন্ত্রণালয়/বিভাগ এবং দপ্তর/সংস্থাসমূহ কী ধরণের সেবা প্রদান করে থাকেন এবং সেই কাঞ্চিত
সেবা প্রাপ্তির ক্ষেত্রে করণীয় বিষয়ে সম্যক ধারণা দিতে সুরক্ষা সেবা বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ স্ব স্ব ওয়েবসাইটে
সেবা প্রদান প্রতিশুতি আপলোড করে থাকে। তবে সেবা প্রদান প্রতিশুতি হালনাগাদ এবং প্রতিশুতি অনুযায়ী সেবা প্রদান
নিশ্চিতকরা প্রয়োজন। এ বিষয়ে করণীয় নির্ধারণের লক্ষ্যে উপস্থিত সবাইকে সুচিহিত মতামত প্রদানের জন্য সভাপতি আহ্বান
জানান।

২। আলোচনায় অংশ নিয়ে সুরক্ষা সেবা বিভাগের এপিএ ফোকাল পয়েন্ট ও উপসচিব (অঞ্চি-১) জানান, মন্ত্রিপরিষদ
বিভাগের নির্দেশনা অনুযায়ী স্ব স্ব দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশুতি অর্থাৎ কী ধরণের সেবা প্রদান করা হয়, সেবা প্রদানের
পদ্ধতি, সেবা প্রদানের সময়, সেবা প্রদানের ফি এবং সেবা প্রদানকারী কর্মকর্তার বিষয়ে সুনির্দিষ্ট তথ্যাবলী এ বিভাগের
ওয়েবসাইটে আপলোড করে থাকে। দপ্তর/সংস্থার ওয়েবসাইটের নির্দিষ্ট সেবা বক্সে সেবা প্রদান প্রতিশুতি/সিটিজেন চার্টার
মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী আপলোড করা প্রয়োজন। যাতে সেবা প্রত্যাশীগণ তাদের কাঞ্চিত সেবা গ্রহণে করণীয়
বিষয়ে সম্যক ধারণা পেতে পারেন। তিনি আরো জানান, সেবা প্রদান প্রতিশুতি/সিটিজেন চার্টার নিয়মিত হালনাগাদ করা
প্রয়োজন। এক্ষেত্রে সুরক্ষা সেবা বিভাগের প্রোগ্রামার জানান, সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশুতি/সিটিজেন চার্টার
হালনাগাদের জন্য সকল অনুবিভাগের প্রতিনিধির অংশগ্রহণে একাধিক সভা করা হয়েছে। অতিসত্ত্ব হালনাগাদের কার্যক্রম
সম্পন্ন হবে। এ বিষয়ে সভাপতি বলেন, যে সমস্ত দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশুতি/সিটিজেন চার্টার হালনাগাদকরণের
প্রয়োজনীয়তা রয়েছে সেক্ষেত্রে দুট প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। এ ছাড়া সেবা প্রত্যাশীগণ প্রতিশুতি অনুযায়ী সেবা
পাচ্ছে কি-না সে বিষয়ে তদারকি করা প্রয়োজন।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

- ৩। সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:
- (৩.১) স্ব-স্ব দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশুতি/সিটিজেন চার্টার মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্দেশনার আলোকে তাদের নিজস্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে;
 - (৩.২) নির্দিষ্ট সময় অন্তর সংশ্লিষ্ট বিভাগ এবং দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশুতি/সিটিজেন চার্টার হালনাগাদ করতে হবে;
 - (৩.৩) সেবা প্রদান প্রতিশুতি অনুযায়ী সেবা প্রদান নিশ্চিতকরণে জন্য মনিটরিং এর ব্যবস্থা করতে হবে এবং মনিটরিং প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।
- ৪। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



 (মধ্যিক সার্টিফিকেট)
 মুগ্ধসচিব
 অধি অনুবিভাগ
 ও
 এপিএ টিম প্রধান
 সুরক্ষা সেবা বিভাগ।

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৩২.০০১.১৭- ১৯৩

তারিখ : ০৮ পৌষ ১৪২৭
২৩ ডিসেম্বর ২০২০

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- ০১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। অতিরিক্ত সচিব উইং (সকল), সুরক্ষা সেবা বিভাগ, ঢাকা।
- ০৪। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশিবাজার, ঢাকা।
- ০৫। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
- ০৬। যুগ্মসচিব (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৭। উপসচিব (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ০৮। সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৯। সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ১০। প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ঢাকা (ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ জানানো হলো)।


 (জাহিদুল ইসলাম)
 উপসচিব (অধি শাখা-১)
 ও
 এপিএ ফোকাল পয়েন্ট